দৈনিক বাংলা

35

তারিখ ... 09 MAR 1990
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 2 ...

## গোটা ভার্সিটি প্রশাসনের পদত্যাগ দাবী

।। বিশ্ববিদ্যলয় সংবাদদাতা ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুটি হলের ভিপি ও ৪ টি হলের জিএস এক যুক্ত বিবৃতিতে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে ব্যর্থ হওয়ায় গোটা বিশ্ববিদ্যালয় প্রশাসনের পদত্যাগ দাবীকরেছেন।

বিবৃতি প্রদানকারী ৬ জন হল সংসদ নেতারা হলেন বঙ্গবন্ধু হলের ভিপি মঞ্জুরুল হক লাবলু, সূর্যসেন হলের ভিপি আফজাল হোসেন, এফ রমহান হলের জিএস ওয়াহিদুজ্জামান, জহুরুল হক হলের জিএস মোশারফ হোসেন সরদার, শহীদুল্লাহ হলের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## গোটা ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

জিএস মাঈনুদ্দিন ও রোকেয়া হলের জিএস নাজমা আখতার।

হল সংসদ নেতারা বলেন, ছাত্রনেতা শহীদুল ইসলাম চুন্নুর হত্যাকান্ডের ঘটনাকে আড়াল করার জন্য কতিপয় ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয় পরিস্থিতির অবনতির জন্য শুধু ভাইস চ্যান্সেলর প্রফেসর আব্দুল মান্নানকে দায়ী করে তার পদত্যাগ দাবী করছে। কিন্তু ক্যাম্পাসের বর্তমান অবস্থার জন্য শুধু ভাইস চ্যান্সেলর নয়, সরকার ও প্রো-ভাইস চ্যান্সেলর সহ গোটা বিশ্ববিদ্যালয় প্রশাসনই দায়ী।

ছাত্র নেতৃবৃন্দ অবিলম্বে ছাত্রনেতা চুন্নুর হত্যাকারীদের গ্রেফতার ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানান।